

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমণ্ডলীর  
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ৫-১১-২০১৮

আজ দুপুরে আমবাসাস্থিত সি পি আই (এম) ধলাই জেলা কমিটির অফিসে পার্টির একটি সভা চলার সময় বিজেপি'র কিছু দুষ্কৃতি বিনা অনুমতিতে দলবদ্ধভাবে জেলা অফিসে প্রবেশ করে হৈ চৈ শুরু করে এবং সভা করা যাবে না বলে হুমকি দেয়।

এই সভায় পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও সাংসদ কমরেড জিতেন চৌধুরী বক্তব্য রাখছিলেন। ধলাই জেলার চারটি মহকুমা থেকেই নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। কমরেড জীতেন চৌধুরী সভা চালিয়ে যান। পুলিশের সঙ্গে যোগাযোগ করার পর পুলিশ আসে। কিন্তু পুলিশের সামনেই দুষ্কৃতিকারীরা বিশ্রি ভাষায় নেতৃত্বকে গালিগালাজ করতে থাকে। পার্টির রাজ্য কমিটির সদস্য, কমলপুর মহকুমা কমিটির সম্পাদক ও প্রাক্তন বিধায়ক কমরেড অঞ্জন দাসকে খুনের হুমকি দেওয়া হয়। জেলা দপ্তরে সভা করা যাবে না বলে হংকার ছেড়ে অফিসে তালা দেওয়ারও হুমকি দেওয়া হয়। সভা বানচালে ব্যর্থ হয়ে দুষ্কৃতিকারীরা অফিস থেকে বেরিয়ে যায়। কমরেড জিতেন চৌধুরী টেলিফোনে এই ঘটনা রাজ্যের মুখ্যমন্ত্রীকে অবহিত করেছেন।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমণ্ডলী বিজেপি নামধারী দুষ্কৃতিকারীদের জেলা কমিটির অফিসে বেআইনি অনুপ্রবেশ এবং সভা বানচাল করার চেষ্টার তীব্র নিন্দা জানাচ্ছে। পার্টি মনে করে বিজেপি জোট সরকারের ক্রমজনবিচ্ছিন্নতা উপলক্ষ্য করে আর এস এস-বিজেপি সি পি আই (এম)'র দৈনন্দিন রাজনৈতিক তৎপরতা বন্ধ করার এই অপচেষ্টা চালাচ্ছে, যা সম্পূর্ণ অগণতান্ত্রিক এবং রাজ্যের নানা জায়গায় অব্যাহত গুরুত্ব তাদের দুর্বলতারই লক্ষণ।

রাজ্য গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে সমাজবিরোধীদের হুমকির মুখে বন্ধ থাকা কিংবা তাদের জবরদস্থল করা পার্টির নিজস্ব জায়গায় অবস্থিত অফিসগুলো খোলা এবং স্বাধীন মতামত প্রকাশের অধিকার সুনির্ণিত করা সহ রাজনৈতিক নেতা ও কর্মীদের নিরাপত্তা বিধানের জন্য রাজ্য সম্পাদকমণ্ডলী দাবি জানাচ্ছে।

২৫ই মে দ্বিতীয়  
সি পি আই (এম)  
রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি  
বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।